গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয় : International Labour Organization (ILO) কনভেনশন ২৭, ৩২ এবং ১৮৫ এর উপর নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত সমন্বিত প্রতিবেদন/মতামত পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শেখ মোঃ শরীফ উদ্দিন, এনডিসি<br>অতিরিক্ত সচিব<br>নৌপরিবহন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৪-০৮-২০২৩ খ্রি. |
| সময় | : | বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (পরিশিষ্ট 'ক') দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সৈয়দ আলী আহসান, উপসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয় সভার কার্যপত্র/এজেন্ডা উপস্থাপন করেন। উপসচিব (জাহাজ) বলেন, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক চাহিত ILO Convention 27, 32 and 185 এর উপর প্রতিবেদন/মতামত আগামী ০১ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখের পূর্বেই শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। গত ২৩ জুন, ২০২৩ খ্রি. নৌপরিবহন মন্ত্রণালয়ের সাথে ILO প্রতিনিধিদের সাথে অতিরিক্ত সচিব (বন্দর) জনাব বিধায়ক রায় চৌধুরীর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। তিনি বলেন, ILO Convention 27, 32 and 185 এর উপর প্রতিবেদন/মতামত প্রেরণ সংক্রান্ত বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ বন্দর কর্তৃপক্ষগুলো হতে যথা সময়ে পাওয়া যায়নি। তিনি বলেন, ILO Convention 27 and 185 এর প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে, ILO Convention 32 বিভিন্ন শ্রমিক সংগঠন/সিবিএ সম্পর্কিত। তিনি বলেন, গত ২১ আগস্ট, ২০২৩ খ্রি. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত এ সংক্রান্ত একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রতিনিধিসহ নৌপরিবহন অধিদপ্তরের প্রতিনিধি উপস্থিত ছিলেন। কর্মশালায় শ্রমিক, মালিকসহ ত্রিপক্ষীয় সভা করে কনভেনশনসমূহের উপর প্রতিবেদন ILO তে প্রেরণ করা আবশ্যক মর্মে আলোচনা করা হয়।

২। নৌপরিবহন অধিদপ্তরের প্রতিনিধি নটিকেল সার্ভেয়ার এন্ড এক্সামিনার ক্যাপ্টেন আবু সাঈদ মোহাম্মদ দেলোয়ার রহমান জানান, এবছর আমাদের ILO Convention এর উপর মোট ০৩টি কনভেনশন এর জবাব প্রদান করতে হবে। Convention 27 নৌপরিবহন অধিদপ্তরের কাজের সাথে সম্পর্কিত। এছাড়াও, তিনি বলেন, বাংলাদেশে যতগুলো জাহাজ প্রবেশ করে সেগুলো ILO Convention মোতাবেক চলাচল করে কি না সে বিষয়ে Indian Ocean Memorandum of Understanding (IOMOU) এর নির্দেশনা মোতাবেক মোতাবেক ১০% জাহাজ নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক সার্ভে করা হয়।

৩। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধি চীফ পার্সোনেল অফিসার জনাব মোঃ নাসির উদ্দিন জানান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ILO Convention মোতাবেক কার্যক্রম পরিচালনা করছে। তার মধ্যে অন্যতম হলো শ্রমিকদের কল্যাণে হাসপাতালে চিকিৎসা সেবা প্রদান করা, তাদের কল্যাণ তহবিল, গ্র্যাচুইটি, ইনসেনটিভ বোনাসসহ নানা রকম সুবিধা প্রদান করা হয়। তিনি বলেন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিয়োজিত শ্রমিকগণের কার্যক্রম বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ মোতাবেক নিয়ন্ত্রণ করা হচ্ছে। তিনি বলেন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ যখন বার্থ অপারেটর নিয়োগ করে তখন তাদের শর্ত দেওয়া হয় যেন তারা সেফটি/সিকিউরিটি নিশ্চিত করে। এছাড়াও প্রতিটি বার্থে সিসিটিভি ক্যামেরা সংযুক্ত থাকে। বার্থগুলো চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিত মনিটরিং করা হয়।

৪। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি সিনিয়র সহকারী সচিব জনাব নাজমুল হুদা শামিম বলেন, বাংলাদেশের শ্রম বিষয়ক সকল কার্যক্রম ILO এর নিকট সময়ে সময়ে সরাসরি তথ্য প্রেরণ করা হচ্ছে। তিনি বলেন, যেসকল কার্যক্রম চলমান রয়েছে রিপোর্টে কার্যক্রম চলমান মর্মে উল্লেখ করা যেতে পারে। এছাড়াও শ্রমিক নিয়োগের বিধিমালাতে কার কি যোগ্যতা থাকতে হবে তা রিপোর্টে

(অঃ পৃঃ দ্রঃ)

উল্লেখ করা উচিত। তিনি বলেন, শ্রমিকদের সেফটি/সিকিউরিটি নিশ্চিত কি না তা বন্দর কর্তৃপক্ষগুলো কর্তৃক সঠিকভাবে মনিটরিং করা হয় না। তিনি বলেন, ILO Convention 32 বিভিন্ন শ্রমিক সংগঠন/সিবিএ সম্পর্কিত বিধায় মালিক পক্ষ ও শ্রমিক পক্ষ মিলে বসে সিদ্ধান্ত গ্রহণ করে প্রতিবেদন প্রস্তুত করা উচিত।

৫। নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্মসচিব (জাহাজ) বলেন, ILO Convention 27, 32 and 185 প্রতিবেদন প্রস্তুত করার ক্ষেত্রে ক্ষেত্রে কোন অসঙ্গতি রাখা যাবে না। যে কোন অসঙ্গতির কারণে দেশের নাবিক ও ডক শ্রমিকগণ তাদের প্রাপ্য সুযোগ সুবিধা হতে বঞ্চিত হতে পারে। তাদের দাবি আদায়ে প্রচলিত শ্রম আইন সংশোধন করার কোনো প্রয়োজন নেই। অনেক ক্ষেত্রে বিধিমালাও পরিবর্তনের কোনো প্রয়োজন হয় না। শ্রমিকদের কল্যাণে একটি যুগোপযোগী নীতিমালা প্রস্তুত করা হলে শ্রমিকদের স্বার্থরক্ষা সম্ভব মর্মে তিনি সভায় মতামত ব্যক্ত করেন।

৬। সভাপতি নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ বন্দর কর্তৃপক্ষসমূহ কর্তৃক যথাযথভাবে ILO Convention মোতাবেক পরিচালনা করার উপর গুরুত্বারোপ করেন। ILO Convention 27, 32 and 185 বিষয়ে বন্দর কর্তৃপক্ষগুলো যেন দ্রুত নির্ধারিত সময়ের মধ্যে তাদের প্রতিবেদন/মতামত প্রদান করেন সে বিষয়ে সভায় আলোকপাত করেন। তিনি বলেন, যেন প্রতিবেদন/মতামত প্রস্তুত করার ক্ষেত্রে সতর্ক ও যত্নবান হতে হবে। তিনি বলেন, ILO সংক্রান্ত যেসকল কার্যক্রম চলমান রয়েছে সেগুলো কার্যক্রম চলমান মর্মে প্রতিবেদনে উল্লেখ করা যায়।

৭। **সিদ্ধান্ত:-সভায় দীর্ঘ আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :**

৭.১। আগামী ২৮-০৮-২০২৩ খ্রি. একই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত বন্দর কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট সিবিএ, সংশ্লিষ্ট শ্রমিক সংগঠন ও সংশ্লিষ্ট মালিক সংগঠনের প্রতিনিধিদের সমন্বয়ে সভা অনুষ্ঠিত হবে।

৭.২। নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ চবক/মোবক/পাবক কর্তৃপক্ষ যথাসম্ভব দ্রুত সময়ের মধ্যে ILO Convention 27, 32 and 185 এর সংশ্লিষ্ট বিষয়ে প্রতিবেদন/মতামত প্রদান করবে।

৮। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৯-০৮-২০২৩
শেখ মোঃ শরীফ উদ্দিন, এনডিসি
অতিরিক্ত সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়।

নং-১৮.০০.০০০০.০২৪.২২.০০১.২০- ২৪৮

১৪ ভাদ্র, ১৪৩০
তারিখ:--------------------
২৯ আগস্ট, ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, চবক/মোবক/পাবক।
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপসচিব (চবক/পাবক/চুক্তি ও প্রটোকল), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৬। ক্যাপ্টেন গিয়াস উদ্দিন আহমেদ, সিএনএস (চঃ দা), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৭। প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য দপ্তর, চট্টগ্রাম।
৮। ক্যাপ্টেন আবু সাঈদ মোহাম্মদ দেলোয়ার রহমান, নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৯। জনাব মোঃ মাসফাকুর রহমান, নির্বাহী ম্যাজিস্ট্রেট, মোংলা বন্দর কর্তৃপক্ষ, বাগেরহাট।

(অঃ পৃঃ দ্রঃ)

১০। জনাব মোঃ নাসির উদ্দিন, সিপিএম, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
১১। ক্যাপ্টেন, এস. এম শরীফুর রহমান, হারবার মাস্টার, পায়রা বন্দর কর্তৃপক্ষ, পটুয়াখালী।
১২। রোজিনা বেগম, উপপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
১৩। ক্যাপ্টেন মোঃ মুসতাহিদুল ইসলাম, সহকারী হারবার মাস্টার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২। অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা(অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৭.০৮.২২

(সৈয়দ আলী আহসান)
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬
ds.ship@mos.gov.bd

27-8-26